

জাতীয় পরিচয়পত্র বানানোর বিধান কী?

প্রশ্ন-১

জাতীয় পরিচয়পত্র বানানোর হুকুম কী?

প্রশ্নকারী-কামাল হুসাইন

প্রশ্ন-২

শরিয়তের দৃষ্টিতে ভোটার আইডি কার্ড বা জাতীয় পরিচয় পত্র বানানো কি জায়েয আছে? জানালে উপকৃত হবো।

প্রশ্নকারী- মুহাম্মাদ আব্দুল্লাহ

উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله والصلاة والسلام على رسول الله، أما بعد

জাতীয় পরিচয়পত্র তাগুতের প্রতি সমর্থন বা তাদের আনুগত্যের প্রমাণ বহন করে না। এটি কেবল এ কথার সনদ যে, আমি এ দেশের একজন নাগরিক। কাজেই প্রয়োজন পড়লে পরিচয়পত্র বানাতে সমস্যা নেই। একজন মুসলিম ও দেশের নাগরিক হিসেবে যে সকল অধিকার ও সুযোগ-সুবিধা আমার প্রাপ্য, পরিচয়পত্র না থাকলে তাগুত সরকার সেগুলোর অনেকগুলো আমাকে দেয় না; অধিকন্তু ক্ষেত্রবিশেষে হয়রানিও করে। ন্যায্য অধিকার সংরক্ষণ, অধিকার আদায় ও অনিষ্ট থেকে বাঁচার জন্যই মূলত পরিচয়পত্র গ্রহণ করা। তাগুতের সমর্থন বা

আনুগত্য হিসেবে নয়। এর দৃষ্টান্ত অনেকটা জমির দলীলের মতো। জমি ভোগ বা বিক্রির জন্য শরয়ী দৃষ্টিকোণ থেকে প্রচলিত দলীল আবশ্যিক নয়। কিন্তু দলীল দস্তাবেজ না করলে অনেক পেরেশানির সম্মুখীন হতে হয়। তাই তা করতে হয়। এটি যেমন তাগুতের আনুগত্য বা সমর্থন বুঝায় না, তেমনি জাতীয় পরিচয়পত্রও তাগুতের আনুগত্য বুঝায় না। বিস্তারিত জানার জন্য দেখতে পারেন: আররিসালাতুস সালাসিনিয়া, শায়খ মাকদিসি হাফিজুল্লাহ; পৃষ্ঠা: ১৮৭-১৮৯; হুকমু আখজিল জিনসিয়্যাহ লিলমুকরাহ মিন দাওলাতিন কাফিরাহ, শায়খ হামুদ বিন উকলা আশশুয়াইবি রহ. (ফতোয়া); আসইলাতু মিন্বারিত তাওহিদ ওয়াল জিহাদ, প্রশ্ন নং: ৩, ২৫৮, ৬২১, ৩৫৬০

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)



২০-০৫-১৪৪২ হি.

০৫-০১-২০২১ ইং